গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বর্তমান ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) ১ম ত্রৈমাসিক অর্জন (জুলাই-সেপ্টেম্বর/২০২১) পর্যালোচনা সভা/এপিএ টিমের সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আখতার হোসেন<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ১১ অক্টোবর ২০২১ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৩:০০ টা |
| স্থান | ভার্চুয়াল |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় ভার্চুয়ালি উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সরকারি অফিসমূহে প্রবর্তিত কর্মসম্পাদন ব্যবস্থাপনাকে [বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)] ফলপ্রসূ এবং সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে এপিএ কে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এপিএ'র নিম্নবর্ণিত কার্যক্রমসমূহের প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। যেগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রমাণকসমূহ প্রদানের জন্য মন্ত্রণালয় এবং সকল দপ্তর/সংস্থাকে সভাপতি অনুরোধ করেন। অত:পর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২২ এর ১ম ত্রৈমাসিক অর্জন (জুলাই-সেপ্টেম্বর/২০২১) বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়:

**কৌশলগত উদ্দেশ্যসমুহ:**

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২১-২২ | অর্জন ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২১ | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| [১.১] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি | [১.১.১] প্রশিক্ষিত ও অস্থায়ী কর্মসংস্থানে নিয়োজিত যুব | সমষ্টি | সংখ্যা (জন) | ৫০০০ | ৪৮৮৩ | যুব-২ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | অর্জিত |
| [১.২] যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা | [১.২.১] প্রশিক্ষিত যুব | সমষ্টি | সংখ্যা (জন) | ৩০২০০০ | ২৯৭২৬ | যুব-২ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| [১.৩] সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদান | [১.৩.১] অনুদানপ্রাপ্ত যুবসংগঠন | সমষ্টি | সংখ্যা | ৭৫০ | - | যুব-১ শাখা ও যুব কল্যাণ তহবিল | |
| [১.৪] আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | [১.৪.১] আত্মকর্মসংস্থানকৃত যুবদের সংখ্যা | সমষ্টি | সংখ্যা (জন) | ৪৮০০০ | ৮৩৫২ | যুব-২ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | |
| [১.৫] জাতীয় যুব পুরস্কার প্রদান | [১.৫.১] পুরস্কারপ্রাপ্ত যুব/যুবসংগঠক | সমষ্টি | সংখ্যা (জন) | ২৭ | - | যুব-১ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | |
| [১.৬] জনসচেতনতামূলক কার্যক্রম সম্পাদন | [১.৬.১] সম্পাদিত কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ১০৬৮ | ৮৫ | যুব-২ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | |
| [১.৭] ঢাকা ওআইসি ইয়ুথ ক্যাপিটাল ২০২০ অনুষ্ঠান আয়োজন | [১.৭.১] সমাপনী অনুষ্ঠান আয়োজন | তারিখ | তারিখ | ৩১-১২-২০২১ | - | যুব-১ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | |
| [১.৮] শেখ হাসিনা ইয়্যুথ ভলান্টিয়ার এ্যাওয়ার্ড প্রদান | [১.৮.১] এ্যাওয়ার্ড প্রদানকৃত | তারিখ | তারিখ | ৩১-১২-২০২১ | - | যুব-১ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | |
| [১.৯] বঙ্গবন্ধু গ্লোবাল ইয়্যুথ লিডারশীপ এ্যাওয়ার্ড প্রদান | [১.৯.১] এ্যাওয়ার্ড প্রদানকৃত | তারিখ | তারিখ | ৩১-১২-২০২১ | - | যুব-১ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | |
| [১.১০] যুব উদ্যোক্তা নীতিমালা প্রণয়ন | [১.১০.১] প্রণীত নীতিমালা | তারিখ | তারিখ | ৩০-০৪-২০২২ | - | যুব-২ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | |
| [২.১] তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ | [২.১.১] প্রতিভাবান খেলোয়াড় | | সংখ্যা (জন) | NSC-৪৫<br>BKSP-১০০০<br>DoS-২৭২৫<br>**মোট-৩৭৭০** | NSC-০<br>BKSP-০<br>DoS-১০<br>**মোট-১০** | ক্রীড়া-১ শাখা, ক্রীড়া-২ শাখা, জাতীয় ক্রীড়া পরিষদ, বিকেএসপি ও ক্রীড়া পরিদপ্তর | |
| [২.২] ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠানকে আর্থিক অনুদান | [২.২.১] অনুদানপ্রাপ্ত ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | NSC-২৫০<br>Sports-1-২৫০<br>**মোট-৫০০** | NSC-০<br>Sports-1-০<br>**মোট-০** | ক্রীড়া-১ শাখা ও জাতীয় ক্রীড়া পরিষদ | |
| [২.৩] দুস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান | [২.৩.১] অনুদানপ্রাপ্ত দুস্থ ক্রীড়াবিদ | সমষ্টি | সংখ্যা (জন) | ১১৫০ | - | ক্রীড়া-১ শাখা ও বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | |
| [২.৪] ক্রীড়া স্থাপনা নির্মাণ | [২.৪.১] জেলা পর্যায়ে ইনডোর স্টেডিয়াম নির্মাণ | সমষ্টি | সংখ্যা | ৩ | - | ক্রীড়া-১ শাখা ও জাতীয় ক্রীড়া পরিষদ | |
| | [২.৪.২] উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের টেন্ডার প্রক্রিয়া সম্পন্নকরণ | তারিখ | তারিখ | ৩১-০১-২০২২ | - | ক্রীড়া-১ শাখা ও জাতীয় ক্রীড়া পরিষদ | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | [২.৪.৩] উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ | সমষ্টি | সংখ্যা | ১৭ | - | ক্রীড়া-১ শাখা ও জাতীয় ক্রীড়া পরিষদ | |
| [২.৫] ক্রীড়া স্থাপনা মেরামত ও সংস্কার | [২.৫.১] জেলা পর্যায়ে টেনিস স্থাপনা সংস্কার | সমষ্টি | সংখ্যা | ১৮ | - | ক্রীড়া-১ শাখা ও জাতীয় ক্রীড়া পরিষদ | |
| | [২.৫.২] জেলা পর্যায়ে স্টেডিয়াম সংস্কার | সমষ্টি | সংখ্যা | ৫ | - | ক্রীড়া-১ শাখা ও জাতীয় ক্রীড়া পরিষদ | |
| | [২.৫.৩] জেলা পর্যায়ে সুইমিং পুল সংস্কার | সমষ্টি | সংখ্যা | ২ | - | ক্রীড়া-১ শাখা ও জাতীয় ক্রীড়া পরিষদ | |
| [২.৬] আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ (ফুটবল ২টি, ক্রিকেট ২টি, দাবা ১টি, আরচ্যারী ২টি, তায়কোয়ানডে ১টি, কাবাডি ১টি ও ভলিবল ১টি করে ইভেন্ট) | [২.৬.১] অংশগ্রহণকৃত প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ১০ | ৯ | ক্রীড়া-১ শাখা ও জাতীয় ক্রীড়া পরিষদ | |
| [২.৭] জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান | [২.৭.১] পুরস্কারপ্রাপ্ত ক্রীড়াবিদ/প্রতিষ্ঠান | তারিখ | তারিখ | ৩০-০৪-২০২২ | - | ক্রীড়া-১ শাখা ও জাতীয় ক্রীড়া পরিষদ | |
| [২.৮] আন্তর্জাতিক প্রতিযোগিতার আয়োজন (ফুটবল ২টি, ক্রিকেট ২টি ও আরচ্যারী ১টি করে ইভেন্ট) | [২.৮.১] আয়োজিত আন্তর্জাতিক প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬ | ক্রীড়া-১ শাখা ও জাতীয় ক্রীড়া পরিষদ | **অর্জিত** |
| [২.৯] উপজেলা পর্যায়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (বালক অনুর্ধ -১৭) আয়োজন | [২.৯.১] আয়োজিত খেলা | তারিখ | তারিখ | ২২-০৬-২০২২ | - | ক্রীড়া-২ শাখা ও ক্রীড়া পরিদপ্তর | |
| [৩.১] শেখ হাসিনা জাতীয় যুব প্রশিক্ষণ কেন্দ্রে যুব গবেষণা সেল স্থাপন | [৩.১.১] যুব গবেষণা সেল স্থাপিত | তারিখ | তারিখ | ৩০-০৪-২০২২ | - | যুব-১ শাখা ও শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | |
| [৩.২] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির প্রশিক্ষণ কারিকুলাম পরীক্ষণ এবং প্রশিক্ষণ প্রাপ্তদের সংযুক্তি পরিদর্শন | [৩.২.১] ন্যাশনাল সার্ভিস কর্মসূচির প্রশিক্ষণ কারিকুলাম পরীক্ষণকৃত | তারিখ | তারিখ | ৩১-০১-২০২২ | - | যুব-২ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | |
| | [৩.২.২] পরিদর্শনকৃত সংযুক্তি প্রাপ্তদের (উপকারভোগীর) সংখ্যা | সমষ্টি | সংখ্যা (জন) | ১০০ | - | যুব-২ শাখা ও যুব উন্নয়ন অধিদপ্তর | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| [৩.৩] সমসাময়িক বিষয় নিয়ে লার্নিং সেশন আয়োজন | [৩.৩.১] আয়োজিত লার্নিং সেশন | সমষ্টি | সংখ্যা (টি) | ৬ | ১ | প্রশাসন-২ শাখা | |
| [৩.৪] মন্ত্রণালয়ের শূন্যপদে জনবল নিয়োগ | [৩.৪.১] জনবল নিয়োগকৃত | তারিখ | তারিখ | ৩০-০৪-২০২২ | - | প্রশাসন-১ শাখা | |
| [৩.৫] মন্ত্রণালয়ের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | [৩.৫.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিত | % | ৫০ | ১৮.৭৫ | বাজেট শাখা | |
| [৩.৬] যুব বিষয়ক কার্যক্রম পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | [৩.৬.১] সুপারিশ বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | % | ৮০ | - | প্রশাসন-১ শাখা | |
| [৩.৭] ক্রীড়া বিষয়ক কার্যক্রম পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | [৩.৭.১] সুপারিশ বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | % | ৮০ | - | প্রশাসন-১ শাখা | |
| [৩.৮] সুদক্ষ প্রকল্পের আওতায় যানবাহন চালনা প্রশিক্ষণ | [৩.৮.১] সুদক্ষ প্রকল্পের আওতায় যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্নকরণ | তারিখ | তারিখ | ৩১-১২-২০২১ | | পরিকল্পনা শাখা | |
| | [৩.৮.২] প্রশিক্ষিত যুব | সমষ্টি | সংখ্যা (জন) | ১০০০ | - | পরিকল্পনা শাখা | |
| [৩.৯] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [৩.৯.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ৫০ | | প্রশাসন-২ শাখা | |

**আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০২১-২২ | অর্জন ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২১ | বাস্তবায়নকারী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | প্রাপ্ত নম্বর | ১০ | | ফোকাল পয়েন্ট | |
| [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | প্রাপ্ত নম্বর | ১০ | | ফোকাল পয়েন্ট | |
| [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | প্রাপ্ত নম্বর | ৪ | | ফোকাল পয়েন্ট | |
| [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | প্রাপ্ত নম্বর | ৩ | | ফোকাল পয়েন্ট | |
| [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | প্রাপ্ত নম্বর | ৩ | | ফোকাল পয়েন্ট | |

০৩। ক্রীড়া ক্লাব/প্রতিষ্ঠান এবং দুঃস্থ ক্রীড়াবিদদের আর্থিক অনুদান প্রদানের জন্য অর্থবছর শেষে পদক্ষেপ না নিয়ে এখনই এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম শুরু করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) আগামী ১৫ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে বর্তমান ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) ১ম ত্রৈমাসিক অর্জন (জুলাই-সেপ্টেম্বর/২০২১) প্রতিবেদন (যথাযথ প্রমাণকসহ) এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। এছাড়া, ত্রৈমাসিক অর্জন প্রতিবেদন মন্ত্রণালয় এবং স্ব-স্ব দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

খ) এ মন্ত্রণালয়ের গত ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখের ৩৪.০০.০০০০.০৪৫.২২.০১১.২১.৫৯৬নং স্মারকের মাধ্যমে প্রেরিত পত্রে সংযুক্ত চাহিদা অনুযায়ী এপিএ'র প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে প্রমাণক দাখিল করতে হবে; এবং

গ) এপিএ সংক্রান্ত সভায় মন্ত্রণালয়ের এপিএ কমিটির সকল সদস্য, এপিএ কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট শাখা/অধিশাখার কর্মকর্তাগণ, দপ্তর/সংস্থার এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ এবং প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুবিভাগের কর্মকর্তাগণ ও দপ্তর/সংস্থা প্রধানগণের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদান করতে হবে।

০৪। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আখতার হোসেন
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৫.২২.০১১.২১.৬১৮

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮
২৫ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা। (দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা।
২) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৪) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৫) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৬) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৭) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৮) যুগ্মসচিব (উন্নয়ন, ক্রীড়া সংক্রান্ত) ও সদস্য, এপিএ কমিটি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯) যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং সদস্য, এপিএ কমিটি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) উপসচিব (ক্রীড়া) ও বিকল্প ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং সদস্য, এপিএ কমিটি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১১) উপসচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।


১২) সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৩) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) ও বিকল্প ফোকাল পয়েন্ট, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং সদস্য, এপিএ কমিটি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৪) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন-২/যুব-১/যুব-২/ক্রীড়া-১/ক্রীড়া-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৫) সহকারী সচিব (বাজেট) ও ফোকাল পয়েন্ট, এপিএ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১৬) সহকারী প্রোগ্রামার (ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর সাথে সম্পর্কিত) ও সদস্য, এপিএ কমিটি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।



এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব